যুগান্তর

তারিখ ....25 DEC 2016..

### সরকারি হাইস্কুল

# প্রথম শ্রেণীতে ভর্তির লটারি অনুষ্ঠিত

## দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণীর ফল বৃহস্পতিবার

**যুগান্তর রিপোর্ট**

রাজধানীর নয়টি সরকারি হাইস্কুলে প্রথম শ্রেণীর শিশুদের ভর্তির লটারি শনিবার অনুষ্ঠিত হয়। দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের এবারও পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হচ্ছে। ইতিমধ্যে তিন ধাপে রাজধানীর ৩৮ স্কুলের পরীক্ষা নেয়া হয়েছে। বৃহস্পতিবার ফল প্রকাশ করা হবে।

এসব স্কুলে ভর্তি প্রক্রিয়া নিয়ন্ত্রণ করছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি)। সংস্থাটির পরিচালক অধ্যাপক এলিয়াছ হোসেন শনিবার রাতে বলেন, 'প্রথম শ্রেণীতে ভর্তির লটারি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। কোথাও কোনো সমস্যার খবর পাওয়া যায়নি। ২৯ ডিসেম্বর ফল প্রকাশ করা হবে।'

এবারও রাজধানীর সরকারি হাইস্কুলগুলোকে 'ক', 'খ' ও 'গ' গ্রুপে ভাগ করা হয়। এর মধ্যে ৫টি স্কুলে প্রভাতী ও দিবা শাখায় প্রথম শ্রেণী আছে। এছাড়া ৫টি স্কুলে শুধু প্রভাতী শাখায় প্রথম শ্রেণী আছে। সকালে প্রথম শ্রেণীর প্রভাতী শিফটে ভর্তির জন্য আবেদনকারীদের (ফিডার শাখাসহ) লটারি সকাল ১০টায় অনুষ্ঠিত হয়। দিবা শিফটে আবেদনকারীদের (ফিডার শাখাসহ) লটারি বেলা ২টায় সংশ্লিষ্ট স্কুলে অনুষ্ঠিত হয়। লটারি প্রক্রিয়া স্বচ্ছভাবে শেষ করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় ও মাউশি আলাদা টিম গঠন করে। তাদের উপস্থিতিতে লটারি হয়।

১৭, ১৮ ও ১৯ ডিসেম্বর দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণীর ভর্তি পরীক্ষা নেয়া হয়। দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত প্রায় ৯ হাজার শূন্য আসনের বিপরীতে ৫০ হাজার শিক্ষার্থী অংশ নেয়।